পেশাদার লিগ নিয়ে ‘সুপারিশমালা’

চতুর্থ মৌসুমে পা রাখতে যাচ্ছে বাংলাদেশের পেশাদার ফুটবল লিগ। আগের তিনটি লিগে পেশাদারির চর্চা ছিল ডুমুরের ফুল। এবার বাফুফে কিছু উদ্যোগ নিয়ে চাইছে উঠে দাঁড়াতে। পাশাপাশি ক্লাবগুলোর কাছ থেকে সুপারিশ চাওয়া হয়েছিল বাফুফের পক্ষ থেকে। গত লিগের ১৩টি দলের মধ্যে সুপারিশ দেয়নি ৫টি দলই

মোহামেডানের মতো বড় দলের সঙ্গে চিঠি এবং ফোনে বারবার যোগাযোগ করা হলেও তারা মতামত জানায়নি। মতামত দেয়নি ব্রাদার্সও। বাফুফের আহ্বানে সাড়া না দেওয়া বাকি তিনটি ক্লাব-মুক্তিযোদ্ধা, চট্টগ্রাম মোহামেডান ও আরামবাগ।

বাফুফে সূত্রের খবর, আবাহনীর পরামর্শ ছিল ঢাকার বাইরের ভেন্যু ব্যবস্থাপনা যেন কিছুটা হলেও মানসম্মত হয়। গত তিন লিগে ঢাকার বাইরে এই ভেন্যু ব্যবস্থাপনা ছিল যাচ্ছেতাই। মাঠ ছিল ভালো ফুটবলের অনুপযোগী। গত তিনটি পেশাদার লিগের চ্যাম্পিয়নরা লিগ কমিটির সঙ্গে ক্লাবগুলোর সুসম্পর্কও চেয়েছে।

রহমতগঞ্জ বলেছে, পাতানো খেলা বন্ধে মাঠে সংশ্লিষ্ট দুই দলের টিম ম্যানেজমেন্টের জন্য মুঠোফোন নিষিদ্ধ করা হোক। শেখ রাসেল বিদেশি খেলোয়াড় ৫ জন নিবন্ধনের বিপরীতে তিনজন নয়, চারজনের খেলার সুযোগ চায়। বিয়ানীবাজার সামনে নিয়ে এসেছে একটি আপ্তবাক্য, ‘সবার উচিত ফুটবল ভালোবাসা। মুখে না বলে সেটা যেন প্রমাণ করা হয়।’ ফেনী সকারের চাওয়া-ভালো রেফারিং।

অবনমিত নারায়ণগঞ্জ শুকতারা চেয়েছিল বাংলাদেশ লিগ কমিটির সভায় উপস্থিত থাকতে। তাদের পর্যবেক্ষণ, ‘বড় বড় দল ফুটবল উন্নয়নের কথা বললেও সিদ্ধান্ত বাস্তবায়নে আন্তরিক নয়।’ ফরাশগঞ্জের দাবি, ক্লাবগুলোর জন্য বাফুফের অনুদান বাড়ানো হোক। দলটি চায়, অনুষ্ঠান ব্যবস্থাপনার দায়িত্ব ক্লাবের পরিবর্তে বাফুফেই যেন নেয়। চট্টগ্রাম আবাহনীর প্রত্যাশা, ‘লিগ ঠিক সময় শুরু এবং শেষ হওয়া। লিগে ধারাবাহিকতা ধরে রাখা।’

হারুনুর রশিদ, আনোয়ারুল হক, বাদল রায় ও ফজলুর রহমানকে (বাবুল) নিয়ে গঠিত বাফুফের বিশেষ কমিটিও কিছু সুপারিশ করেছে। তারা লিগের সুপারিশমালা তিনটি শ্রেণীতে ভাগ করেছে-ক্লাবের জন্য, খেলোয়াড় ও কোচের জন্য এবং লিগ কমিটির জন্য পালনীয়।

এই কমিটির সুপারিশ, প্রতি ক্লাবকেই বেতনভুক্ত একজন পেশাদার কর্মী (কো-অর্ডিনেটর) নিয়োগ দিতে হবে, যিনি বাফুফের সঙ্গে সংশ্লিষ্ট ক্লাবের সমন্বয় করবেন। কোচ আর ক্লাবের মধ্যে চুক্তিপত্রের অনুলিপি বাফুফের কাছে জমা দিতে হবে। ক্লাবগুলো যেসব খেলোয়াড়কে নিবন্ধন করাচ্ছে, তাঁদের সবার এই লিগে খেলার সামর্থ্য আছে কি না, কিংবা সবার ফিটনেস আছে কি না, সেটি পরীক্ষা করার জন্য বাফুফের উদ্যোগে ফিটনেস পরীক্ষা হতে পারে, যেটিকে বলে ‘ব্লিপ টেস্ট’। ব্লিপ টেস্টে উত্তীর্ণ না হলে কোনো বিদেশি নিবন্ধিত হতে পারবেন না। প্রতি দলের কমপক্ষে ১০-১২ জন স্থানীয় খেলোয়াড়কে ব্লিপ টেস্টে উত্তীর্ণ হতে হবে। মাঠে মুঠোফোন নিষিদ্ধ করা, পাতানো খেলা বন্ধে উচ্চপর্যায়ের গোয়েন্দা সহযোগিতা নেওয়া ইত্যাদি সুপারিশ দেওয়া হয়েছে। বলা হয়েছে, ক্লাব কোচিং স্টাফের কমপক্ষে একজনের ‘বি’ লাইসেন্স থাকতেই হবে। পাশাপাশি খেলোয়াড়দের নিয়ে কর্মশালা করারও পরামর্শ দিয়েছে ওই কমিটি।

সুপারিশ তো হলো, এগুলো বাস্তবায়ন হবে কি না, সেটিই প্রশ্ন। জানা গেছে, লিগ কমিটির গত সভায় এগুলো নিয়ে আলোচনা হয়েছে এবং আগামী সভায় এগুলো বাইলজে ঢোকানো হবে।

যত যা-ই করা হোক, পেশাদার লিগকে সফল করে তুলতে ক্লাবগুলোকেই নিতে হবে বড় ভূমিকা। কিন্তু বাফুফে সুপারিশ চাইলেও সব দলের সাড়া না দেওয়ায় বোঝাই যাচ্ছে, এসব নিয়ে ভাবছেই না অনেক ক্লাব। মৌসুম শেষে ক্লাবের আয়-ব্যয়ের হিসাব চেয়েছিল বাফুফে, ফরাশগঞ্জ ছাড়া সেই হিসাব আর কেউ দেয়নি। টিকিট বিক্রির যে লভ্যাংশ দেওয়ার কথা বাফুফেকে, সেটিও দেয়নি কোনো ক্লাবই

এবার ক্লাবগুলোর জন্য সেরা অনুষ্ঠান ব্যবস্থাপনার পুরস্কারের ব্যবস্থা করছে বাফুফে-এতে যদি ছবিটা একটু বদলায়

ম্যারাডোনার বিদায়

ভেতরে বৈঠক চলছে, যেকোনো সময় ঘোষণা আসবে। বাইরে ঢোলবাদ্য নিয়ে উল্লাসে মেতেছে লোকজন। গায়ে তাদের আর্জেন্টিনার জার্সি, হাতে পতাকা, মুখে চিৎকার-ডিয়েগো, থেকে যাও।

কোনো চিৎকারে কাজ হলো না। ‘ডিয়েগো’ থাকলেন না। অন্যভাবে বলা যায়-আর্জেন্টাইন ফুটবল ফেডারেশন (এএফএ) আর লম্বা করল না ম্যারাডোনা-অধ্যায়। ম্যারাডোনার সঙ্গে সোমবার বৈঠকের পর এএফএ মঙ্গলবার বিবৃতি দিয়ে জানিয়েছে, ‘নির্বাহী কমিটি সর্বসম্মতিক্রম সিদ্ধান্ত নিয়েছে, আর্জেন্টিনার কোচ হিসেবে ম্যারাডোনার সঙ্গে চুক্তি নবায়ন করা হবে না।’

এ ঘোষণার সঙ্গে সঙ্গে শেষ হয়ে গেল আর্জেন্টাইন কিংবদন্তি ম্যারাডোনার প্রায় ২০ মাসের কোচিং অভিযান। আপাতত শেষ হয়ে গেল তাঁর আরেকটা বিশ্বকাপ জয়ের স্বপ্ন। আর্জেন্টিনাকে নিয়ে ব্রাজিল বিশ্বকাপে কে যাবেন, সেটা এখনো ঠিক করে উঠতে পারেনি এএফএ। তবে ১১ আগস্ট ডাবলিনে আয়ারল্যান্ডের বিপক্ষে আর্জেন্টিনার প্রীতি ম্যাচের জন্য কোচ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে অলিম্পিকজয়ী কোচ সার্জিও বাতিস্তাকে। ২০০৮ সালের নভেম্বর মাসে বাছাইপর্বে ঝুঁকির মধ্যে থাকা জাতীয় দলের দায়িত্ব নিয়েছিলেন সাবেক বিশ্বকাপজয়ী অধিনায়ক ও সর্বকালের অন্যতম সেরা ফুটবলার ম্যারাডোনা। দায়িত্ব নিয়ে আর্জেন্টিনার পরিস্থিতিকে আরও ঘোলাটে করে দিয়েছিলেন।

শতাধিক খেলোয়াড় রদবদল করে খুব সমালোচিতও হয়েছিলেন। তবে অন্তিম মুহূর্তে বাছাইপর্ব পার করে দিয়েছিলেন দলকে। অবশ্য বিশ্বকাপের দল নির্বাচন করতে গিয়ে হুয়ান রোমান রিকেলমে, হাভিয়ের জানেত্তি, এস্তেবান ক্যাম্বিয়াসোর মতো খেলোয়াড়কে দলে নিতে না পেরে বা বাদ দিয়ে সমালোচিত হয়েছিলেন। শেষ পর্যন্ত বিশ্বকাপের শেষ আট থেকে বিদায় নেওয়ার আগ পর্যন্ত অবশ্য মাঠের খেলা দিয়ে সমালোচনা খানিকটা কমাতে পেরেছিলেন ম্যারাডোনা।

জার্মানির কাছে হেরে কোয়ার্টার ফাইনাল থেকে বিদায়ের পর ম্যারাডোনা নিজে বলেছিলেন, ‘আমার সময় শেষ।’ এরপর সময় গড়িয়েছে, আর আর্জেন্টাইন জনমত ও রাজনৈতিক মত ম্যারাডোনার পক্ষে দৃঢ় হয়েছে।

এএফএ প্রেসিডেন্ট হুলিও গ্রন্ডোনাও বলেছিলেন, তিনি ম্যারাডোনাকে রেখে দিতে চান। কিন্তু ম্যারাডোনা ছিলেন নীরব। মাঝে ফেডারেশনের সঙ্গে বৈঠক করার কথা থাকলেও বৈঠক ফেলে চলে যান ভেনেজুয়েলায়।

সেখান থেকে ফিরে বলেছিলেন, কোচ হিসেবে থাকতে চান। তবে শর্ত, তাঁর কোচিং স্টাফে কোনো রদবদল করা চলবে না। ওদিকে আগে থেকেই এএফএ জানিয়ে দিয়েছিল, তারা কোচিং স্টাফে কিছু বদল আনতে চায়। এএফএ বলছে, এই নিয়েই ম্যারাডোনার সঙ্গে দ্বিমত হওয়ায় নতুন চুক্তি হয়নি।

গ্রন্ডোনা অবশ্য বলছেন, তাঁরা ম্যারাডোনাকে বের করে দেননি, ‘ডিয়েগোর কোচিং দলে কিছু পরিবর্তন আনা দরকার ছিল। কিন্তু আমরা কোনো সমঝোতায় পৌঁছাতে পারিনি। এর মানে এই নয় যে, আমরা তাঁকে বের করে দিয়েছি। ্রফে চুক্তিটা নবায়ন করা সম্ভব হলো না।’

এখন তাহলে কার সঙ্গে চুক্তি করবে আর্জেন্টিনা? আপাতত এটা নিয়ে নাকি তাড়াহুড়ো করতে চাইছে না এএফএ। তবে স্থানীয় সংবাদমাধ্যম বলছে, বোকা জুনিয়র্সের দারুণ সফল কোচ কার্লোস বিয়ানচি নাকি এই পদের জন্য জনপ্রিয় পছন্দ। এস্তুদিয়ান্তেস কোচ অ্যালেক্স সাবেলাও আছেন পছন্দের তালিকায়। এ ছাড়া আর্জেন্টিনা জাতীয় দলের সাবেক কোচ মার্সেলো বিয়েলসা, সাবেক ইনডিপেন্ডিয়েন্টি কোচ আমেরিকো গ্যালেগো, সাবেক আর্জেন্টাইন স্ট্রাইকার র‍্যামন ডিয়াজ এবং আর্জেন্টিনা যুবদলের কোচ, ম্যারাডোনার সতীর্থ ও বর্তমান ভারপ্রাপ্ত কোচ বাতিস্তাও নাকি আছেন কোচ হওয়ার দৌড়ে।

তাহলে ম্যারাডোনা-অধ্যায় আসলেই শেষ এএফএ মুখপাত্র আর্নেস্তো চারকুইস বিয়ালো বলেছেন, ‘এটা ম্যারাডোনার প্রথম পর্বের সমাপ্তি। এই ঘরের দরজা চিরদিনের মতোই তার জন্য খোলা থাকবে।’

দেশটার নাম আর্জেন্টিনা। খোলা দরজা দিয়ে আবার ম্যারাডোনা প্রবেশ করলে অবাক হওয়ার কিছু থাকবে না।

এএফপি, রয়টার্স, এপি, ওয়েবসাইট।

আকর্ষণীয় হেকিমী চিকিৎসা
১৯৮৫ ইং হইতে নিম্নলিখিত জটিল রোগের চিকিৎসা করিয়া আসিতেছি
১। হলমী
২। বাতজনিত যে কোন ভাবে আক্রান্ত
৩। ধাতু ও ধাতুজনিত যে কোন রোগ
৪। গ্যাসট্রিক
৫। অর্শ্ব বা হরিশ ও গেজ
৬। মেয়ে লোকের রক্তশ্রাব জনিত রোগ
উক্ত রোগে আক্রান্ত রোগীরা নিম্নলিখিত ফোন নম্বারে যোগাযোগ করুন
(দীর্ঘদিনের অভিজ্ঞ) কবিরাজ গৌছ খান ফোন নং : 07983 222 389
wbd 46/49

পূর্বাচলে প্লট বিক্রয়
২০০৩ সালে প্রাপ্ত রাজউকের ৩ কাঠার একটি প্লট বিক্রয় হবে। আগ্রহী ক্রেতারা অতি সত্তর যোগাযোগ করুন-
07574461323

SARKAR & CO
ACCOUNTANTS
Year Ending Accounts, Business/Tax Planning
Book-Keeping, VAT, Tax Returns,etc.
আপনার ব্যবসার যাবতীয় হিসাব অতী দক্ষতা ও যত্নের সাথে আমরা করে থাকি। বাৎসরিক একাউন্ট, ব্যবসায়িক অথবা ট্রাক্স প্লানিং, বুক কিপিং, ভ্যাট, ট্যাক্স রিটার্ণ ইত্যাদি নির্ভুলভাবে করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন।
সরকার এন্ড কো
16 Spelman Street, London E1 5LQ
Tel/Fax: 020 7375 0434, Mob: 0787 263 0284
mail: sarkaroffice.azad@gmail.com
wbd 40/48

GBL Green Bangla Ltd.
Passport Service/ পাসপোর্ট সার্ভিস
Travel Service/ ট্রাভেলস সার্ভিস
Money Transfer/ মানি সার্ভিস
Worldwide Cargo Service/ কার্গো সার্ভিস
Worldwide Courier Service/ কুরিয়ার সার্ভিস
Letting & Selling Service/ লেটিং এন্ড সেলিং সার্ভিস
Other Service/ অন্যান্য
MARRIAGE BUREAU/ বিবাহ ব্যুরো
শরীয়তসম্মত বিবাহে সহযোগিতা করাই আমাদের লক্ষ্য।
পাত্র/পাত্রীর পিতা-মাতা/ গার্ডিয়ান আমাদের সাথে যোগাযোগ করুন।
আমরা ইসলামিক ম্যারেজ সার্টিফিকেট/ ইসলামি ডিভোর্স সার্টিফিকেটও প্রদান করে থাকি।
আমাদের রয়েছে ইসলামিক স্কলারদের নিয়ে শক্তিশালী Muslim Marriage Sorya Court & Professional ঘটকবৃন্দ।
৫ ফুট ৪ ইঞ্চি লম্বা ব্রিটিশ পাত্রের জন্য পাত্রী চাই। রেফারেন্স ১০১/১০৩
Green Bangla Ltd. 5 Mile End Road, London E1 4TP
E-mail: gnbangla@yahoo.co.uk
Tel: 020 7265 8009, Fax: 020 7265 8924, Mob: 07944 109 975

পড়াইতে চাই
(Private Tuition)
Year 1 to GCSE
Maths, Science, English, Economics
যত্নসহকারে পড়াইতে চাই।
10 years Experience in Teaching. An ex govt. college lecturer. Please contact-
07877654440
S. Ali
BSS (Hons) MSS (Ecos) LLB (Hons)
BVC (ICSL) BCS, LLM (study).

মেহেরপুরে জায়গা বিক্রি
মেহেরপুর জেলায় পিডিবি ও সরকারী হাসপাতালের পার্শ্বে জরুরী ভিত্তিতে ১৬ বিঘা জায়গা বিক্রি করা হবে। ধ্রুমাত্র আগ্রহী ক্রেতাগণ যোগাযোগ করুন।
যোগাযোগ- নজরুল ইসলাম
07932638320
0207 375 3979
04/05

জায়গা বিক্রি
সিলেটের কুয়ারপারে বাউন্ডারী ওয়াল করা, এখনই বাসা করার উপযোগী ৭.০৭ ডিসিমেল জায়গা বিক্রি হবে। আগ্রহী ক্রেতারা সত্তর যোগাযোগ করুন।
যোগাযোগ-
SQUARE FINANCE
আজম খান
M: 0795 126 5343
T: 0207 375 3979
04/05